1486 I 1601 3000Rs.

INDIA NON JUDICIAL

३000रु. Rs 3000

सत्यमेव जयते

भारत

तीन हज़ार रुपये THREE THOUSAND RUPEES

Stamp 4000/-

A-2794

...admissible under Rule 21 and also u/s 5(1) ... 5 ... of the W. B. L. R. Act 1988 duly stamped does not require Stamp duty / exempted from stamp duty under the Indian Stamp Act, 1899. Schedule, L. A. No. 23 ... Fees Paid. A-2794

থানা - সাঁইথিয়া, কোবলা দলিল,

মূল্য - ২,৫৫,০০০.০০ টাকা,

সম্পত্তির পরিমাণ - ২৬০ শতক,

---

দলিল গ্রহীতা :- ড[illegible]কর বন্দ্যোপাধ্যায় প্রাইমারী টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট, সাকিম - আহম্মদপুর, থানা - সাঁইথিয়া, জেলা - বীরভূম, পরিচালনায় কুলি চৌরাস্তা বুলাপ রুরাল ডেভেলপমেন্ট সোসাইটি, পক্ষে মাননীয় সম্পাদক শ্রী শিশির কুমার প্রামাণিক, পিতা - মৃত ভূজঙ্গ ভূষণ প্রামাণিক। সাকিম - কুলি চৌরাস্তা, পোষ্ট - কুলি কাঁন্দী, থানা - বড়ঞা, জেলা - মুর্শিদাবাদ ।

Addl. Dist. Sub-Registrar SIRI 19.3.04

The claimant Deposited B/e of Rs- 11300=00 NO- 781798 Dt - 19-3-04

R.O.

19-03-04

I(1)- 2500
I(2)- 750
T.A.- 250
350.00

19.3.04

1000Rs.




দলিল দাতা :- ১) জারিয়া বিবি, ২) রসুলা বাণী বিবি, উভয়ের স্বামী - মৃত হাবল খান, ৩) আব্দুল গফুরখান, ৪) আব্দুল সরিফ খান, ৫) আব্দুল রফিক খান, সর্ব্ব পিতা - মৃত হাবল খান, সর্ব্ব - সাকিম - আহম্মদপুর ছোটোলাইন পাড়া, পোষ্ট - আহম্মদপুর, থানা - সাঁইথিয়া, জেলা - বীরভূম। ৬) রাজিয়া খান, স্বামী- মীর আব্দুল আলম, পিতা - মৃত হাবল খান, সাকিম - বালিগুনি পোষ্ট - বালিগুনি, থানা - নানুর, জেলা - বীরভূম (ভারতীয় নাগরিক)

কস্য বিক্রয় খোষ কোবলা পত্র মিদং কার্য্যাঞ্চ আগে :-

নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তির পূর্ব্ব প্রকৃত মালিক ছিলেন জনৈকা সখিনা বিবি, স্বামী - মৃত ইয়াকুব সেখ, মোকাম - বোলপুর । উক্ত সখিনা বিবি গত বাংলা ২৭ শে আশ্বিন ১৩৪৮ সনের ২৭ শে আশ্বিন (ইংরাজী - ১৪।১০।১৯৪১) তারিখে ৪৬৫ নম্বর কোবলা দলিল মূলে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আজেদা বিবি, স্বামী - রবাই খান সাকিম - আহম্মদপুর - এর অনুকূলে বিক্রয় করিয়া নি:স্বত্ত্বে হয়েন । তৎপর আজেদা বিবি উক্ত সম্পত্তির মালিক ও দখলিকার হয়েন । তাহার নাম - সেটেলমেন্ট রেকর্ডে যথারীতি নথিভুক্ত হইয়া প্রকাশিত ও প্রচারিত হইয়াছে । উক্ত আজেদা বিবির মৃত্যান্তে তাহার একমাত্র পুত্র হাবল খান ওয়ারিশ হিসবে মালিক ও দখলীকার হন । হাবল খানের মৃত্যান্তে তাঁহার ত্যক্ত সম্পত্তি আমরা দলিল দাত্রী ও দাতাগণ তাঁহার একমাত্র ওয়ারিশ হিসাবে মালিক ও দখলীকার হইতেছি । এক্ষণে আমাদের উক্ত সম্পত্তি দেখাশোনা ও রক্ষনাবেক্ষণের অসুবিধা হওযায় ও উক্ত সম্পত্তি চাষ আবাদের অযোগ্য হওয়ায় আমরা উক্ত সম্পত্তি বিক্রয় করিয়া আমাদের হকসভা মতো উৎকৃষ্ট সম্পত্তি ক্রয় করিবার মানসে বিক্রয়ের সোহরত দিলে আপনি দলিল গ্রহীতা আপনাদের প্রতিষ্ঠান পরিচালিত প্রাইমারী টিচার্স ট্রেনিং ইন্সিটিউট এর অনুকূলে ক্রয় করিতে ইচ্ছা প্রকাশ করেন । আপনাদের প্রস্তাবে সম্মতি দিয়া এলাকার পঞ্চজন ভদ্রলোকের উপস্থিতিতে উক্ত সম্পত্তির বর্তমান বাজার দর অনুসারে মোট ২,৫৫,০০০.০০ দুই লক্ষ পঞ্চান্ন হাজার টাকা ধার্য্য হইল । আমারা উক্ত মূল্য উচিত মূল্য বিবেচনা করিয়া আমরা বিক্রয়ে সম্মত হইলাম । আমরা আপনার নিকট হইতে তারাশংকর বন্দোপাধ্যায় প্রাইমারী টিচার্স ট্রেনিং ইন্সিটিউট এর সম্পত্তির মূল্য বাবদ ২,৫৫,০০০.০০ টাকা পণ মূল্য একমুস্তে গ্রহণ করত: নিম্নের তপশীল লিখিত সম্পত্তি বিক্রয় করিয়া আমরা মায় আমাদের ওয়ারিশান নি:স্বত্ত্বে হইলাম এবং এই বিক্রয় কোবলা দলিল সম্পাদন করিয়া অঙ্গীকার করিতেছি যে আপনি বিক্রীত সম্পত্তিতে আমাদের স্বত্ত্বে স্বত্ত্ববান হইয়া দান, বিক্রয় হস্তান্তর আদি বিবিধপ্রকার ক্ষমতায় যুক্ত মালিক হইয়া আপনি আপনার উক্ত ইন্সিটিউট-এর পক্ষে উক্ত সম্পত্তি ভোগ দখল করিতে থাকুন, তাহাতে আমাদের মায় আমাদের ওয়ারিশান কি স্থলাভিষিক্তগণ কোন ওজর আপত্তি করিতে পারিবে না বা করিলেও তাহা গ্রাহ্য হইবে না । প্রকাশ থাকে যে আমরা তপশীল ভুক্ত বিক্রীত সম্পত্তি ইতি পূর্বে কোন স্থানে দায়সংযুক্ত বা হস্তান্তর করি নাই । যদি প্রকাশ পায় তাহা হইলে আমাদের বিরুদ্ধে আপনি আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারেন । বা আমরাবা আমাদের ওয়ারিশানগণ সুদ সহ আপনার পণের সমুদয় মূল্য ফেরত দিতে বাধ্য থাকিল । আপনি সরকার বাহাদুরের অফিসে আপনার সংস্থার নাম পত্তন করিয়া লইতে পারিবেন ।

Scanned by CamScanner

তাহাতে আমাদের কোন ওজর আপত্তি থাকিবে না অথবা আমাদের কোন সম্মতি দিবার আবশ্যক হইলে আমরা সম্মতি দিতে বাধ্য থাকিব ।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনা প্রোরোচনায় আপনার নিকট হইতে পণের সমুদয় মূল্য -২,৫৫,০০০.০০ টাকা একমুস্তে বুঝিয়া পাইয়া এই বিক্রয় খোষ কোবলা যথারীতি সম্পাদন করিলাম ও আমাদের স্বাক্ষর দিলাম । ইতি সন ১৪১০ সাল তাং -৫ ই চৈত্র, ইংরাজী -১৯।০৩।২০০৪ খ্রীষ্টাব্দ ।

তপশীল

জেলা -বীরভূম, থানা -সাঁইথিয়া, চৌকী ও সাবরেজিষ্ট্রী -সিউড়ী, মৌজা -কুসুমডিহি, জে.এল.নং- ১৪৯, খতিয়ান নং-(সাবেক) -১৮, হাল খতিয়ান নং-৩৬ ভুক্ত ।

| দাগ নং - | রকম | ১ মোট প: |
|---|---|---|
| ৫১১ পাঁচ শত এগার | সৈয়ম | ২৫৭ শতক মধ্যে প: ২৪৭ দুই একর সাতচল্লিশ শ: |
| ৫১২ পাঁচ শত বার | ঐ | ১৩ তের শতক । |

একুনে মোট পরিমাণ -২৬০ দুই একর ষাট শতক ।

বার্ষিক খাজনা হারাহারীমত । রায়তস্থিতিবান ।

জমিদার -বীরভূম কালেকটার সিউড়ী ।

দলিলের মুশা বিদা প্রস্তুত কারক :-

Sibananda Mukherji Advocate
Seuri Judges Court
ENR.NO. F 290/228 of 1985

১নং ও ২নং দলিলদাতাগণকে দলিলের মর্ম পাঠ করিয়া শুনাইলাম ও অবগত করাইলাম
শ্রীলক্ষ্মীনারায়ণ ব্যানার্জী

ইসাদী :-

১) শ্রীলক্ষ্মীনারায়ণ ব্যানার্জী
পিতা ৺ আশুতোষ ব্যানার্জী।
সাং - আহম্মদপুর

২) হাবিবুর মিঞা,
পিতা- ৺ জালালউদ্দিন মিঞা,
সাং:- আহম্মদপুর. বীরভূম.

টাইপ কারক :-
বিশ্বজিৎ দত্ত
কড়িধ্যা

দাতা পক্ষের ছবি













বাম হাতের পাঁচ আঙ্গুলের টিপ ছাপ


ডান হাতের পাঁচ আঙ্গুলের টিপ ছাপ

Scanned by CamScanner

গ্রহীতা পক্ষের ছবি



বাম হাতের পাঁচ আঙ্গুলের টিপ ছাপ



ডান হাতের পাঁচ আঙ্গুলের টিপ ছাপ



Scanned by CamScanner